



বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়  
VIDYASAGAR UNIVERSITY

Question Paper

**B.A General Examinations 2022**

(Under CBCS Pattern)

**Semester - IV**

**Subject : BENGALI**

**Paper : DSC 1D/2D-T**

সাহিত্যতত্ত্ব ও সাহিত্যনির্মাণকলা

**Full Marks : 60**

**Time : 3 Hours**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*The figures in the margin indicate full marks.*

বিভাগ-ক

যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ১। 'কাব্যজিজ্ঞাসা'র প্রবন্ধগুলি কোন্ পত্রিকায়, কত সালে প্রথম প্রকাশিত হয়েছিল?
- ২। 'লোচনটীকা' কার রচনা? তিনি কোন্ শতাব্দীর আলংকারিক ছিলেন?
- ৩। আচার্য ভরতের মতে 'স্থায়ীভাব' কয়টি ও কী কী?
- ৪। বৈয়াকরণ ও নৈয়ায়িকদের মতে শব্দের কয়টি ও কী কী শক্তি বা বৃত্তি আছে?
- ৫। মাত্রা বা কলা কাকে বলে? মাত্রা কয় প্রকার ও কী কী?
- ৬। লয় কাকে বলে? লয় কয় প্রকার ও কী কী?

P.T.O.

৭। যমক অলংকার কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও।

৮। স্মরণোপমা অলংকার কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও।

### বিভাগ-খ

যেকোন চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

৯। উদাহরণসহ অসংলক্ষ্যক্রম ধ্বনি ও তার প্রকারভেদ আলোচনা করো।

১০। টীকা লেখো :

(ক) অর্থান্তরসংক্রমিতবাচ্য ধ্বনি।

(খ) অত্যন্ততিরস্কৃতবাচ্য ধ্বনি।

১১। মিশ্রকলাবৃত্ত ছন্দের শোষণশক্তি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

১২। ছন্দ নির্ণয় করো :

গলির মোড়ে বেলা যে পড়ে এলো,  
পুরোনো সুর ফেরিওলার ডাকে,  
দূরে বেতার বিছায় কোন্ মায়া,  
গ্যাসের আলো জ্বলা এদিন শেষে।

১৩। উৎপ্রেক্ষা অলংকার কাকে বলে? উদাহরণসহ উৎপ্রেক্ষা অলংকারের প্রকারভেদ আলোচনা করো।

১৪। শ্লেষ অলংকার কাকে বলে? উদাহরণসহ শ্লেষ অলংকারের প্রকারভেদ আলোচনা করো।

### বিভাগ-গ

যেকোন তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

১৫। “কাব্য যে মানুষের উপাদেয়, সে এই অলংকারের জন্য। কাব্যং গ্রাহমলংকারাৎ।”—আলোচনা করো।

১৬। বিভাব, অনুভাবের ও সঞ্চরীভাবের সহযোগে কীভাবে রস নিষ্পত্তিলাভ করে তা উদাহরণসহ বুঝিয়ে দাও।

১৭। কলাবৃত্ত ছন্দ কাকে বলে? উদাহরণসহ এ ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

১৮। দলবৃত্ত ছন্দ কাকে বলে? সূত্রাকারে এই ছন্দের বৈশিষ্ট্যগুলি বিবৃত করো এবং একটি উদাহরণ দিয়ে ছন্দটির প্রকৃতি বুঝিয়ে দাও।

১৯। রূপক অলংকার কাকে বলে? উদাহরণসহ রূপক অলংকারের প্রকারভেদ আলোচনা করো।